

4th semester General

Political science

Raya bhattacharya

আন্তর্জাতিক সম্পর্কের মধ্যে দাঁতাত এর তাৎপর্য

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে বিশ্ব রাজনীতিতে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে যে ঠান্ডা লড়াইয়ের সূচনা হয়েছিল, তা বিংশ শতাব্দীর দশের দশক থেকে ধীরে ধীরে প্রশমিত হতে থাকে। উভয় রাষ্ট্রের এই পরিবর্তিত সম্পর্ককে "দাঁতাত" বা "নমনীয় সহাবস্থানমূলক" অবস্থান হিসেবে চিহ্নিত করা হয়।

এই পর্বের মূল বৈশিষ্ট্য হলো, সংঘাতের ক্ষেত্রে কমিয়ে নিয়ে এসে ভবিষ্যতের সহযোগিতার ক্ষেত্রে প্রস্তুত করা, যাতে ধীরে ধীরে শান্তির বাতাবরণ সৃষ্টি হতে পারে।

হেনরি কিসিঞ্জার এর মতে, "Detente is a process not a permanent achievement.... obviously the main concern must be the reduce the source of potential conflict ". তিনি দাঁতাত ব্যবস্থাকে "A mode of management of adversary power" বলে চিহ্নিত করেছেন।

বিশ্ব রাজনীতির ক্ষেত্রে দাঁতাত ঠান্ডা লড়াই এর অবসানে এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। এর ফলে USA এবং USSAR তাদের আদর্শগত সংঘাতকে দূরে সরিয়ে আরো নিকটে আসে।

মূলত এই প্রক্রিয়ার ফলেই নিরস্ত্রীকরণের পর্যায়ক্রমিক অগ্রগতির মধ্য দিয়ে সামরিক জটগুলির প্রয়োজনীয়তা ফুরিয়ে যায়। এই ব্যবস্থার মধ্য দিয়ে USA এবং USSAR পারস্পরিক সাংস্কৃতিক প্রযুক্তি ও বিজ্ঞান গবেষণার মধ্যে তথ্য আদান-প্রদানের পথ প্রশস্ত করেছিলো।

1990 সালের নভেম্বরে অনুষ্ঠিত প্যারিস শীর্ষ বৈঠকের মধ্য দিয়ে দাঁতাত ব্যবস্থা পূর্ব ইউরোপ ও পশ্চিম ইউরোপের মধ্যে বিভাজন দূর করে রাজনৈতিক ও অর্থনৈতিক ঐক্যকে সুদৃঢ় করে তুলেছিল। মূলত দাঁতাতের পর্যায়কালে USA এবং USSAR উভয়ের বিভিন্ন ক্ষেত্রে অর্থ বিনিয়োগ করে উদারীকরণ ও উন্মুক্ত বাজারের অর্থনীতি অবলম্বন করে আরো বেশি মাত্রায় রাষ্ট্রের উন্নতিতে মনোযোগী হয়।

দাঁতাত ব্যবস্থার ফলে সোভিয়েট ইউনিয়ন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বিভিন্ন আঞ্চলিক বিবাদ ও সংঘাতের শান্তিপূর্ণ নীমাংসা সম্ভব হয়েছিল। রুশ-মার্কিন আলোচনার পরিপ্রেক্ষিতে আফগানিস্তান থেকে সোভিয়েত সেনারা অপসারণ শুরু হয়েছিল। মরক্কো, লিবিয়া ও আলজেরিয়ার মধ্যে পারস্পরিক সম্পর্কের উল্লেখযোগ্য লক্ষ্য করা গিয়েছিল। দাঁতাত প্রক্রিয়ার পরোক্ষভাবে আন্তর্জাতিক সম্পর্ক ক্ষেত্রে সমাজতন্ত্র-সাম্যবাদ, পুঁজিবাদের মত আদর্শগুলি বিভিন্ন রাষ্ট্রের বিদেশনীতির ক্ষেত্রে নির্ণায়ক শক্তি হিসেবে আর রইল না।

সোভিয়েত রাষ্ট্রপতি মিখাইল গর্বাচেভ USA এর সঙ্গে সমঝোতার নীতি গ্রহণ করে প্রয়োজন ভিত্তিক ধনতন্ত্র ও পুঁজিবাদী ব্যবস্থাকে স্বীকৃতি দিয়েছিলেন। এর ফলে তা সোভিয়েত রাশিয়া সমাজতন্ত্রের সংকটকে ঘনীভূত করার পাশাপাশি বিশ্ব রাজনীতিতে মার্কিনের এক মেরুকরণের সূচনা করেছিল। সর্বশেষে বলা যায় যে, "American detente had a wide ranging impact. It not only influenced their bilateral relations but embraced the whole gamut International relations ".